

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.০০০০.০০০.৯৯.০৬৩.১৭. ১২ ৬৪

০৭ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ২৩ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: পটুয়াখালী জেলা পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদে নির্বাচন অনুষ্ঠান।


সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয় এর স্মারক নং- ১৭.০০.০০০০.০৭৯.৩৯.০১৮.১৬-৫৭৩, তারিখঃ ১৫/১১/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলা পরিষদে চেয়ারম্যানের শূন্য পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন হতে তফসিল ঘোষণা করা হয়েছে। তফসিল অনুযায়ী আগামী ২৮/১২/২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার ভোট গ্রহণের তারিখ নির্ধারণ করা হয়েছে। নির্বাচন কমিশন হতে গত ১৫/১১/২০১৬ তারিখে জারীকৃত জেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর ২৫ নং বিধিতে নিম্নরূপ উল্লেখ রয়েছেঃ

নির্বাচন-পূর্ব সময়ে জেলা পরিষদের চেয়ারম্যান বা প্রশাসক সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায়-

- (ক) কোন প্রকল্পের অনুমোদন ঘোষণা বা ভিত্তিপ্রস্তর স্থাপন কিংবা ফলক উন্মোচন করিতে পারিবেন না;
- (খ) জেলা পরিষদের তহবিল হইতে কোন ব্যক্তি বা গোষ্ঠী বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করিতে পারিবেন না; এবং
- (গ) উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা ইতোপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করিতে পারিবেন না।

২। এমতাবস্থায়, পটুয়াখালী জেলা পরিষদের চেয়ারম্যানের শূন্য পদে নির্বাচন-পূর্ব সময়ে জেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর ২৫ নং বিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আনজুম আরা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

ই-মেইল : lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পটুয়াখালী।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালী।
- ৪। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সদস্য, নং ওয়ার্ড, জেলা পরিষদ, পটুয়াখালী।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।